অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/11/2024 **গভর্নর ক্যাথি হোকল**

এই গ্রীষ্মে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে "বাতাসের গুণগতমান সম্পর্কে সচেতন" হওয়ার আহ্বান জানিয়েছেন

তাপদাহ বয়ে যাওয়ার সময় নিউ ইয়র্ক স্টেট বাতাসের গুণগতমান পর্যবেক্ষণের গুরুত্ব প্রচার করছে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কের বাসিন্দা এবং ভ্রমণার্থীদের তাদের দৈনন্দিন উষ্ণ আবহাওয়া সংশ্লিষ্ট রুটিন কার্যক্রমে বায়ুর গুণগতমান সম্পর্কে সচেতন হওয়ার আহ্বান জানিয়েছেন। নিউ ইয়র্কবাসীদের সচেতন রাখার জন্য, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন প্রতিদিনের বায়ুর মানের পূর্বাভাস জানিয়ে দেয় যাতে করে বাতাসের বর্তমান মানের তথ্য নিউ ইয়র্কবাসীগণ জানতে পারে। যদিও নিউ ইয়র্ক স্টেটে বায়ু দূষণ কমাতে এবং জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষার জন্য জাতীয়ভাবে সবচেয়ে কঠোর বায়ুর মান বিষয়ক কিছু নীতিমালা রয়েছে তবে কিছু নির্দিষ্ট দিনে ওজোন বা কণা জাতীয় পদার্থ আপনার কমিউনিটির বায়ুর গুণগতমানের উপর প্রভাব ফেলতে পারে।

"জননিরাপত্তা আমার সর্বোচ্চ অগ্রাধিকার এবং গ্রীষ্মের মাসগুলো আসার সাথে সাথে নিউইয়র্কবাসীদেরকে বাতাসের গুণগতমানের যেকোনো পরিবর্তন সম্পর্কে সজাগ এবং প্রস্তুত থাকতে হবে," **গভর্নর হোকল বলেন।** "যদিও এই গ্রীষ্মে দাবানলের ধোঁয়ার কারণে নিউ ইয়র্ক কমলা রঙের আকাশে ছেয়ে যাবে কি না তা তাৎক্ষণিকভাবে জানানো না গেলেও আমি সকল নিউ ইয়র্কবাসীকে স্টেটের বায়ুর গুণগতমান সংশ্লিষ্ট স্বাস্থ্যগত পরামর্শগুলোর ব্যাপারে সজাগ এবং নিরাপদ থাকার জন্য প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করার আহ্বান জানাচ্ছি।"

গত বছরের এই মাসেই, পূর্ব কানাডার দাবানলের আগুন থেকে ঘন ধোঁয়া নিউ ইয়র্ক স্টেটের অনেক কমিউনিটিকে ঢেকে ফেলেছিল, এই ধোঁয়া সূক্ষ্ম কণিকার কারণে মারাত্মকভাবে বায়ু দূষণ সৃষ্টি করেছিল এবং সম্ভাব্য ক্ষতিকারক এক্সপোজার রোধ করার জন্য সতর্কতা সম্পর্কে স্টেটের পরিবেশ ও স্বাস্থ্য কর্মকর্তাদেরকে ব্যাপক প্রচারের জন্য বাধ্য করেছিল।

পরবর্তী কয়েক দিনে, ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এবং ডিপার্টমেন্ট অব হেলথ (Department of Health, DOH) বায়ু গুণগতমান সংশ্লিষ্ট স্বাস্থ্য সতর্কীকরণ জারি করে যেখানে DEC-এর আবহাওয়াবিদগণ পূর্বাভাস দিয়েছেন যে, ওজোন অথবা সূক্ষ্ম কণাযুক্ত পদার্থ (particulate

matter, PM2.5)-এর মাত্রা বায়ুর গুণগতমানের সূচক (Air Quality Index, AQI) 100-এর উপরে যাবে বলে আশঙ্কা করা হয়েছিল। বাতাসের এই মান বা তার উপরের মান সংবেদনশীল গোষ্ঠী যেমন- হাঁপানি, হৃদযন্ত্র বা ফুসফুসের রোগ, বয়স্ক ব্যক্তি, শিশু এবং কিশোর-কিশোরী, সংখ্যালঘু জনগোষ্ঠী এবং বাহিরের কর্মীদের জন্য অস্বাস্থ্যকর হতে পারে। মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশ দূষণ রোধকারী সংস্থা (Environmental Protection Agency, EPA) বিভিন্ন দূষণকারী উপাদানের মাত্রাকে একটি সহজ স্কেলে মাপার জন্য AQI সূচক তৈরি করে এবং এই সূচকে AQI-এর মান যত বেশি হয় স্বাস্থ্যগত ঝুঁকিও তত বেশি বোঝায়।

DEC নিউ ইয়র্কের বাসিন্দাদেরকে বায়ুর গুণগতমানের পূর্বাভাস এবং অবস্থার http://airnow.gov সঠিক তথ্য যাচাই করার আহ্বান জানায়।

AQI স্বাস্থ্য বিষয়ক নির্দেশনা

AQI স্বাস্থ্য বিষয়ক নির্দেশনা ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠী/গুলোকে সুরক্ষিত রাখার সুপারিশগুলোর সাথে সংযুক্ত।

- 0-50: ভালো – বায়ুর গুণগতমান সন্তোষজনক বলে বিবেচিত হয় এবং বায়ু দূষণ সামান্য বা কোনো ঝুঁকিই সৃষ্টি করে না।
- 51-100: মাঝারি – বাতাসের মান গ্রহণযোগ্য। যদিও, কিছু দূষণকারী পদার্থ বায়ু দূষণের প্রতি সংবেদনশীল এমন খুব কম সংখ্যক লোকের জন্য একটি মাঝারি পর্যায়ের স্বাস্থ্যগত সমস্যা সৃষ্টি করতে পারে।
- 101-150: সংবেদনশীল জনগোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর – সংবেদনশীল জনগোষ্ঠীর সদস্যগণ স্বাস্থ্যগত সমস্যায় ভুগতে পারে এতে সাধারণ মানুষদের ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা নেই। *সংবেদনশীল জনগোষ্ঠীর মধ্যে রয়েছে হাঁপানি, হৃদরোগ বা ফুসফুসের রোগে আক্রান্ত ব্যক্তি, বয়স্ক, প্রাপ্তবয়স্ক, শিশু ও কিশোর-কিশোরী, সংখ্যালঘু জনগোষ্ঠী এবং বাহিরের কর্মীগণ।*
- 151-200: অস্বাস্থ্যকর – প্রত্যেকে স্বাস্থ্যগত সমস্যায় ভুগতে শুরু করতে পারে। সংবেদনশীল জনগোষ্ঠীর সদস্যগণ আরো গুরুতর স্বাস্থ্যগত সমস্যা অনুভব করতে পারে।
- 201-300: খুবই অস্বাস্থ্যকর – স্বাস্থ্যগত সতর্কতা। প্রত্যেকে আরো গুরুতর স্বাস্থ্যগত সমস্যা অনুভব করতে পারে।
- 301-500: বিপজ্জনক - জরুরি অবস্থার স্বাস্থ্যগত সতর্কতা। সমগ্র জনগোষ্ঠীর সমস্যা হওয়ার সম্ভাবনা বেশি।

বায়ু দূষণ বিভিন্ন উপায়ে জনস্বাস্থ্য এবং প্রাকৃতিক সম্পদের ক্ষতিসাধন করতে পারে। গ্রীষ্মের গরম আবহাওয়া মানুষের স্বাস্থ্যের উপর উদ্বেগজনক দুইটি প্রধান দূষণকারী অবস্থার সৃষ্টি করে: ওজোন এবং সূক্ষ্ম কণাযুক্ত পদার্থ (PM2.5) যা বায়ুতে থাকা সূক্ষ্ম কঠিন কণা বা তরল ফোঁটা এবং এটি আকারে 2.5 মাইক্রোমিটার বা তার চেয়ে কম। অ্যাসিড বৃষ্টি এবং বাতাসে থাকা পারদের কারণে মাছ ও বন্যপ্রাণী ক্ষতিকারক প্রভাবের সম্মুখীন হচ্ছে। বায়ুমণ্ডলের গ্রীনহাউজ

গ্যাসগুলো পৃথিবীর জলবায়ু পরিবর্তন করছে এবং প্রচণ্ড গরম, মারাত্মক বন্যা, খরা, আগুন, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং ঝড়ের মতো ক্ষতিকারক প্রভাব ফেলছে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশনের অন্তর্বর্তী কমিশনার শেন মাহার বলেন, "বর্তমান পূর্বাভাসের মডেলগুলো ইঙ্গিত করে যে কিউবেক এবং অন্টারিওতে দাবানলের আগুন লাগার ঝুঁকি কম থেকে মাঝারি পর্যায়ে রয়েছে, তবে ওয়েস্টার্ন স্টেট এবং কানাডার প্রদেশগুলোতে আগুন লাগার ঝুঁকি এবং সেই সাথে সেগুলো থেকে সৃষ্ট সূক্ষ্ম কণা পদার্থের মাত্রা অপেক্ষাকৃত বেশি থাকবে। যাইহোক, নিউ ইয়র্কবাসীগণ এই গ্রীষ্মে অন্তত আরো কয়েকবার উচ্চ মাত্রার ওজোন স্তর দেখবে বলে আশা করা হচ্ছে। বাতাসের গুণগতমান সম্পর্কে সচেতন হতে, DEC জনগণকে দৈনিক পূর্বাভাস জানতে DEC-এর ওয়েবসাইট ভিজিট করার বা EPA-এর এয়ারনাউ অ্যাপ (AirNow app)-এর মতো বিশ্বস্ত মাধ্যমগুলো ব্যবহার করার পরামর্শ দেয় যা DEC-এর স্টেট ব্যাপী পর্যবেক্ষণ নেটওয়ার্ক থেকে সরবরাহ করা বায়ুর গুণগতমান বিষয়ক ডেটা ব্যবহার করে।"

নিউ ইয়র্ক স্টেটের হেলথ কমিশনার ডা. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "নিউ ইয়র্কবাসীদের কাছে airnow.gov-এর মতো চমৎকার টুল রয়েছে যা সহজে বাতাসের গুণগতমান পর্যবেক্ষণ করার সুযোগ নিশ্চিত করে। সকালে আমি আমার ফোনে আবহাওয়া এবং বাতাসের গুণগতমান যাচাই করি যা আমার সকালের রুটিনের অংশ। হার্ট এবং ফুসফুসের রোগে আক্রান্তদের পাশাপাশি তরুণ এবং 65 বছরের বেশি বয়সীদের জন্য বায়ুর গুণগতমান জানাটা বিশেষভাবে জরুরি।"

DEC-এর ঘোষণা অনুযায়ী আপ-টু-ডেট থাকতে, DEC ডেলিভারের মাধ্যমে বাতাসের গুণগতমান সম্পর্কিত সতর্কতা পেতে সাইন আপ করুন: আপডেট করা পূর্বাভাস এবং বাতাসের গুণগতমানের সূচকের মাত্রা সম্পর্কিত তথ্য পেতে dec.ny.gov ভিজিট করুন এবং স্বাস্থ্যগত ঝুঁকি এবং বায়ুর গুণগতমান সম্পর্কিত সতর্কতা বিষয়ক তথ্য জানতে ডিপার্টমেন্ট অব হেলথের ওয়েবসাইট ভিজিট করুন।

নিউ ইয়র্কের কঠোর বায়ুর গুণগতমান সংশ্লিষ্ট নীতিমালা এবং পর্যবেক্ষণ ব্যবস্থার কারণে, স্টেটটি 2000 থেকে 2022 সালের মধ্যে প্রধান ফ্যাসিলিটিগুলো থেকে স্টেট ব্যাপী দূষণকারী গ্যাস নির্গমন হ্রাসে উল্লেখযোগ্য নজির সৃষ্টি করেছে:

- কণাযুক্ত পদার্থ – 88 শতাংশ;
- সালফার ডাইঅক্সাইড (Sulfur dioxide, SO_2) - 97 শতাংশ;
- নাইট্রোজেন অক্সাইড (Nitrogen oxides, NO_x) – 81 শতাংশ;
- ভোলাটিল অর্গানিক কম্পাউন্ডস (Volatile organic compounds, VOC) – 67 শতাংশ;
- কার্বন মনোক্সাইড (Carbon Monoxide, CO) – 58 শতাংশ এবং
- বিপজ্জনক বাতাস দূষণকারী (Hazardous air pollutants, HAP) - 73 শতাংশ।

2000 থেকে 2022 সাল পর্যন্ত, স্টেট ব্যাপী দূষণকারী পদার্থের মাত্রাও হ্রাস পেয়েছিল:

- 2.5 মাইক্রনের কম কণাযুক্ত পদার্থ (PM 2.5) – 50 শতাংশ
- SO2 – 90 শতাংশ
- নাইট্রোজেন ডাইঅক্সাইড (Nitrogen dioxide, NO2) – 30 শতাংশ
- ওজোন – 12 শতাংশ

ফেব্রুয়ারি মাসে, EPA ন্যাশনাল এম্বিয়েন্ট এয়ার কোয়ালিটি স্ট্যান্ডার্ডস (National Ambient Air Quality Standards, NAAQS) PM2.5 অর্জনে আরো কঠোর করেছে। নিম্ন মানদণ্ডের কারণে আরো বেশি দিনের বাতাসের গুণগতমান সূচক (AQI)-এ উচ্চ মানের অতিরিক্ত দিন চিহ্নিত হওয়ার সম্ভাবনা রয়েছে তবে এর মানে এই নয় যে নিউ ইয়র্ক স্টেট PM2.5 দূষণ খারাপের দিকে গেছে। AQI-এর পরিবর্তনগুলো কণাযুক্ত দূষণ এবং স্বাস্থ্যের উপর আধুনিক বিজ্ঞান ব্যবস্থাকে প্রতিফলিত করে এবং EPA সূক্ষ্ম কণাযুক্ত দূষণের জন্য বার্ষিক মানকে আপডেট করে। সচারাচর জিজ্ঞাসিত প্রশ্নের তালিকা সহ নতুন মানদণ্ড সম্পর্কে আরো জানতে, AirNow ওয়েবসাইটটি ভিজিট করুন।

আপনি কি জানেন যে নিউ ইয়র্কবাসীকে আমাদের স্টেট জুড়ে বায়ুর গুণগতমান সম্পর্কে অবগত রাখতে সর্বশেষ বিজ্ঞান ব্যবস্থা ব্যবহারকারী DEC-এর আবহাওয়াবিদদের একটি টিম রয়েছে?

"DEC কী করে? তা দেখুন!" পডকাস্ট পর্ব #4 *দ্য এয়ার আপ দেয়ার (The Air Up There)* যেখানে বায়ু দূষণ বিষয়ক বিশেষজ্ঞ আবিগেইল কোমার্ক এবং সারাহ লেচলিটনার বায়ুর গুণগতমানের সূচক (AQI) কী এবং কিভাবে এটি ব্যবহার করবেন, আবহাওয়ার অবস্থা এবং বিভিন্ন মৌসুমী বায়ুর গুণগতমানকে কিভাবে প্রভাবিত করে, এই গ্রীষ্মে কি আমাদের আবার দাবানলের আগুনের ধোঁয়া নিয়ে চিন্তা করতে হবে এবং অ্যান্টার্কটিকায় বায়ুর গুণগতমানের পরিমাপ প্রক্রিয়া কেমন তা সম্পর্কে ব্যাখ্যা করেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন